দৈনিক ইত্তেফাক

তারিখ 01 FEB 1996
পৃষ্ঠা ১ কলাম ৬

# জগন্নাথ হলের প্রভোস্ট ও হাউস টিউটরদের একযোগে পদত্যাগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জগন্নাথ হলে ছাত্রদের উপর পুলিশের বর্বরোচিত হামলা ও নির্যাতনের প্রতিবাদে হলের

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## একযোগে পদত্যাগ

(১ম পৃঃ পর)

প্রভোষ্ট ডঃ জগদীশ চন্দ্র শুক্লাদাস সহ সকল হাউজ টিউটর গতকাল এক যোগে পদত্যাগ করিয়াছেন। পুলিশ জগন্নাথ হল হইতে ছাত্রদের ধরিয়া নিয়া যাওয়ার সময় হল প্রভোষ্ট তাহাদের ছাড়িয়া দেওয়ার দাবী জানাইলে পুলিশ তাহাকে গালি-গালাজ করে। ইহার পর তাৎক্ষণিকভাবে প্রভোষ্ট ও হাউজ টিউটরগণ ভিসির বাসভবনে গিয়া ভিসির নিকট পদত্যাগপত্র পেশ করেন।

### আজ শিক্ষকদের মৌন মিছিল

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল বিশ্ববিদ্যালয় ক্লাবে এক তাৎক্ষণিক সাংবাদিক সম্মেলনে এই ঘটনার প্রতিবাদে আজ বৃহস্পতিবার সকাল ১০টায় মৌনমিছিল ও বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয় ক্লাবে জরুরী সাধারণ সভা আহ্বান করিয়াছে। শিক্ষক সমিতি এই নারকীয় ঘটনার জন্য প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবী করে এবং একই সঙ্গে গত সোমবারের সিনেট কমিটি আশংকা প্রকাশ করা সত্ত্বেও ভাইস চ্যান্সেলর কর্তৃক কোন সতর্কতামূলক ব্যবস্থা না-নেওয়ায়, তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়।

শিক্ষক সমিতির জরুরী সভা শেষে আয়োজিত এই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক ডঃ আরেফীন সিদ্দিক। তিনি জানান, সভার প্রস্তাবে আহত ছাত্রদের যথাযথ ক্ষতিপূরণ ও সুচিকিৎসা এবং বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা আগামী এক সপ্তাহের জন্য স্থগিত রাখার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানানো হয়।